বিকেএমইএ ঃ ৭৫০/সার্কুলার/সদস্য/২০২৫/১১/০০২৮২

তারিখ: ১১ নভেম্বর, ২০২৫ইং

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়: "শিল্প প্রতিষ্ঠানে নিরাপত্তা ও শ্রমিক অসন্তোষ প্রতিরোধে সিসি ক্যামেরা স্থাপন প্রসঙ্গে"।**

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিকেএমইএ এর সদস্য হিসাবে আপনি দেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি তাই শিল্পাঞ্চলে শান্তিপূর্ন ও নিরাপদ কর্মপরিবেশ বজায় রাখা আমাদের সম্মিলিত দায়িত্ব ও অঙ্গীকার। সাম্প্রতিক সময়ে কিছু কারখানায় শ্রমিক অসন্তোষ, নাশকতা ও শৃঙ্খলাভঙ্গের ঘটনা বেড়ে গেছে। শিল্পাঞ্চলে সার্বিক নিরাপত্তা, শিল্প শান্তি বজায় রাখা, শৃঙ্খলা ও শ্রমিক অসন্তোষ বা অশান্তি প্রতিরোধের লক্ষে শিল্প পুলিশ, চট্টগ্রাম জোন থেকে একটি অফিসিয়াল নির্দেশনা প্রদান করেছেন; গত ০৮ নভেম্বর ২০২৫ইং তারিখে; প্রেরিত পত্রের অবিকল আপনার নিকট প্রেরন করা হলো। এই নির্দেশনায় কারখানাগুলোতে অবিলম্বে সিসি ক্যামেরা স্থাপন করার বাধ্যবাধকতার কথা পূনরায় উল্লেখ করেছেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপার এর কার্যালয়
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৩, হোল্ডিং নং-১১৫১, জাকির হোসেন রোড, খুলশী, চট্টগ্রাম।

স্মারক নং-ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৩/ইন্টে:/২০২৫/ ৬৬২৮  তারিখ-০৮ অক্টোবর ২০২৫খ্রিঃ

বিষয়:- সম্ভাব্য নাশকতা ও শ্রমিক অসন্তোষ ঠেকাতে উষ্কানি দাতাদের চিহ্নিত করার লক্ষ্যে আপনার সংগঠনের আওতাধীন শিল্প-প্রতিষ্ঠানে সিসি ক্যামেরা স্থাপন প্রসঙ্গে।

সূত্র ঃ- স্মারক নং- ইন্ডাঃ পুঃ হেঃ কোঃ ১-২০২৫/ইন্ট./ ৬৩২ , তারিখ-১৫/১০/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সময়ের প্রেক্ষাপটে প্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিতে সম্ভাব্য নাশকতা ও শ্রমিক অসন্তোষ নিরসনে সিসি ক্যামেরা ব্যবহারের প্রয়োজনীয়তা অবশ্যম্ভাবী হয়ে পড়েছে বিধায় আপনার সংগঠনের আওতাধীন আরএমজি/নন-আরএমজি যেসব শিল্প-কারখানা সমূহে সিসি ক্যামেরা অদ্যাবধি পর্যন্ত স্থাপন করা না হয়ে থাকে, সে সব প্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিতে সিসি ক্যামেরা স্থাপন করা খুবই জরুরী। তাছাড়া তথ্য-প্রযুক্তি যোগে সিসি ক্যামেরার সংরক্ষিত ফুটেজ প্রতিষ্ঠানের মধ্যে সংগঠিত নাশকতা, শ্রমিক অসন্তোষ, ভাংচুরের মত অপরাধীদের সনাক্ত ও বিবিধ তথ্য উদঘাটনে সহায়ক হিসাবে কাজ করে।

এমতাবস্থায় জরুরী ভিত্তিতে আপনার সংগঠনের আওতাধীন শিল্প-কারখানা সমূহের চার পাশে বিভিন্ন এ্যাঙ্গেলে একাধিক সিসি ক্যামেরা স্থাপনে, সিসি ক্যামেরা বিহীন কারখানা সমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি অবগত করিয়া নিম্ন-স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য একান্ত অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

০৮.১১.২৫
(আব্দুল্লাহ আল-মাহমুদ)
বিপি: ৭৭০৬১২৩৯৮৯
পুলিশ সুপার
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৩, চট্টগ্রাম।
ই-মেইল-spip3ctg@police.gov.bd

ধন্যবাদান্তে,

মো: মাহাবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত)

**Head Office :** BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.
Phone : +880 2 224437646, E-mail : info@bkmea.com
**Dhaka Office :** Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Phone : +880 2 223362257, E-mail : info@bkmea.com
**Chattogram Office :** S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chottogram, Bangladesh.
Phone : +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, E-mail : bkmeactg@bbts.net
Log on : www.bkmea.com